রংপুর সিটি কর্পোরেশন

সাধারণ শাখা

www.rpcc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০১.২৪- ৫১

তারিখ ঃ ২৮ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ / ১১ জুন ২০২৪ খিস্টাব্দ

## রংপুর সিটি কর্পোরেশনের সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর ৪র্থ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মোস্তাফিজার রহমান
মেয়র
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ : ১২ ফেব্রুয়ারী ২০২৪ ইং,
সময় : দুপুর-১২:৩০ ঘটিকায়।
সভার স্থান : রংপুর সিটি কর্পোরেশন সভাকক্ষ।

উপস্থিতি : উপস্থিত সদস্য বৃন্দের তালিকা "পরিশিষ্ট ক"

সভার শুরুতে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদনপূর্বক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ও আনুষ্ঠানিক পরিচয়-পর্ব সমাপনান্তে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিতে সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত) জনাব উম্মে ফাতিমা সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এমন একটি ফোরাম- যেখান থেকে নাগরিকদের সুযোগ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে আপনাদের সুচিন্তিত মতামত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সে লক্ষ্যে প্রতি ০৩(তিন) মাস পর পর সভা আহবানের ব্যবস্থা রয়েছে যাতে জনগনকে সচেতন করা যায় এবং তৃণমূল হতে বিদ্যমান সমস্যাগুলির সমাধান বেরিয়ে আসে। উল্লেখ্য যে নাগরিক সুবিধার্থে রংপুর সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স ও ই-ট্রেড লাইসেন্স ডিজিটালাইজড করা হয়েছে। রংপুর সিটি কর্পোরেশনের সকল নাগরিককে নিয়ে আমরা যেন রংপুরকে বাসযোগ্য স্মার্ট একটি নগরী হিসেবে গড়ে তুলতে পারি এটাই আমাদের মূল লক্ষ্য।

অতপর সভার আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা হয়।

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | শ্যামাসুন্দরী ক্যানেলের সর্বশেষ অবস্থা এবং বর্ধিত এলাকার নতুন ড্রেন নির্মাণ এবং শহরের রাস্তাসমূহের পরিস্কার পরিচ্ছন্নতাকরণ | ডাঃ মফিজুল ইসলাম মান্টু, ফ্যামিলি মেডিসিন স্পেশালিস্ট এন্ড কালচারাল এ্যাকটিভিটিজ, রংপুর শ্যামাসুন্দরী ক্যানেলের সর্বশেষ অবস্থা এবং বর্ধিত এলাকার নতুন ড্রেন সম্পর্কে নির্বাহী প্রকৌশলী-২ এর কাছে জানতে চান এবং শহরের জনবহুল রাস্তাগুলোতে সকালে, দুপুরে, সন্ধ্যায়, রাতে ঝাড়ু দেয় যাহা অত্যন্ত খারাপ লাগে। উক্ত স্থানগুলিতে রাত্রে ঝাড়ু দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য গুরুত্ব আরোপ করেন।<br>জনাব মুহাম্মদ আনিচুজ্জামান নির্বাহী প্রকৌশলী-২, বলেন, Dcon Design Studio কর্তৃক ম্যাপ মোতাবেক খালের সীমানা চিহ্নিত করা হয়েছে যার প্রশস্ততা গড় ৪৫ (পয়তাল্লিশ) | ১। শ্যামাসুন্দরী ক্যানেলের সৌন্দর্য্যবর্ধন ও সংস্কারের গৃহীত প্রকল্পটি প্রস্তুতকরণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। শহরের রাস্তাসমূহ যথাযথভাবে পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। | প্রকৌশল বিভাগ রংপুর সিটি কর্পোরেশন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রাখা হয়েছে, ক্যানেলের নাব্যতা নির্ধারিন করা হয়েছে এবং ETP এর মাধ্যমে পানি শোধন করে তারপর ক্যানেলে অপসারণ করা হবে, ৩৬টি ব্রিজ Re-Constraction করতে হবে। এছাড়া ঘাগট নদীর পানি ঢুকিয়ে ক্যানেলের পানি প্রবাহ ঠিক রাখার ব্যবস্থা গ্রহন করা হবে এবং ফুটপাত ব্যবহারের বিষয়টি মাথায় রেখে ক্যান্ট বোর্ড, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসনসহ সম্মিলিতভাবে ক্যানেলের পরিচর্যা এবং বিউটিফিকেশন করা হবে। এছাড়া বর্ধিত এলাকায় বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে বুড়ির হাট রোডে ১.৫ কি:মি: মাস্টার ড্রেন অন্যান্য এলাকায় ১৩৭ কি:মি: ড্রেন এর মধ্যে ৮০ কি:মি: ড্রেন নির্মাণ করা হবে। মাননীয় মেয়র মহোদয় শ্যামাসুন্দরী ক্যানেলকে অধিকতর গুরুত্ব দিয়ে Dcon Design Studio এর সাথে সমন্বয়পূর্বক গৃহীত প্রকল্পটি প্রস্তুত ও বাস্তবায়নের নির্দেশ প্রদান করেন। তিনি শহরের রাস্তাগুলো রাত্রে যথাযথভাবে পরিস্কার করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ২ | সিএলসিসি এর সভার রেজুলেশন, অসামাজিক কার্যকলাপ বন্ধকরন ও সড়ক বাতির স্বল্পতা। | জনাব খন্দকার ফকরুল আলম বেলু, সভাপতি, সুজন পূর্ববর্তী সিএলসিসি এর সভায় গৃহীত প্রস্তাবগুলো কতটা বাস্তবায়িত হয়েছে তা পরবর্তী মিটিং এ অবহিত করার জন্য এবং পূর্ববর্তী মিটিং এর রেজুলেশন কপি পরবর্তী মিটিং এর পূর্বে সকল সদস্যদের মাঝে বিতরণ/প্রদান করার প্রস্তাব পেশ করেন। তিনি লক্ষ্মী হলের পাশ দিয়ে চলাচলের রাস্তার ড্রেনে ও ড্রেনের পাশে পরিত্যাক্ত জায়গায় প্রস্রাব, পায়খানা, হিরোইন, গাঁজা সেবনসহ বিভিন্ন অসামাজিক কার্যকলাপ হয়ে থাকে । এটি বন্ধ করার জন্য পদক্ষেপ গ্রহনের অনুরোধ করেন।<br><br>এছাড়া তিনি জানান কেরামতিয়া মসজিদ হতে গোমস্তাপাড়া মোড় পর্যন্ত রাস্তার সড়ক বাতির পিলারের দুরত্ব অনেক বেশি হওয়ায় আলোর স্বল্পতা পরিলক্ষিত হয়। এ বিষয়ে কোন পদক্ষেপ গ্রহন করা যায় কিনা সেদিকে দৃষ্টি আকর্ষণ করেন।<br>মাননীয় মেয়র মহোদয় পূর্ববর্তী মিটিং এর রেজুলেশন কপি পরবর্তী মিটিং এর পূর্বে সকল সদস্যদের মাঝে বিতরণ করার নির্দেশ প্রদান করেন, লক্ষ্মী হলের পাশ দিয়ে চলাচলের রাস্তার ড্রেনে ও | ১। CLCC সভার রেজুলেশন সকল সদস্যদের মাঝে বিতরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।<br><br>২। লক্ষ্মী হলের পাশ দিয়ে চলাচলের রাস্তার ড্রেনে ও ড্রেনের পাশে পরিত্যাক্ত জায়গায় প্রস্রাব, পায়খানা, হিরোইন, গাজা সেবনসহ বিভিন্ন অসামাজিক কার্যকলাপ বন্ধ করার ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৩। কেরামতিয়া মসজিদ হতে গোমস্তাপাড়া মোড় পর্যন্ত রাস্তার সড়ক বাতির পিলারের দুরত্ব কমিয়ে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে। | ১।এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট<br>২। প্রশাসনিক কর্মকর্তা<br>৩। বিদ্যুৎ শাখা<br>রংপুর সিটি কর্পোরেশন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ড্রেনের পাশে পরিত্যক্ত জায়গায় প্রস্রাব, পায়খানা, হিরোইন, গাঁজা সেবনসহ অসামাজিক কার্যকলাপ বন্ধের জন্য এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার নির্দেশ প্রদান করেন। তিনি বিদ্যুৎ শাখাকে পরিদর্শনপূর্বক সড়কবাতির স্বল্পতা দূরীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশ প্রদান করেন। | | |
| ৩ | ড্রেনের সংস্কার ও পরিস্কারকরণ। | জনাব মেরিনা লাভলী, সাধারণ সম্পাদক প্রেস ক্লাব রংপুর বলেন জাহাজ কোম্পানী মোড় দিয়ে ভারী যানবাহন সাতমাথায় যায় সে ক্ষেত্রে রাস্তার মধ্যে গর্ত ও ফাটল সৃষ্টি হচ্ছে যা অল্প কিছুদিনের মধ্যে চলাচলের অনুপযোগী হয়ে পড়বে এবং প্রেস ক্লাবের সামনের ড্রেনের সংস্কার ও পরিস্কার করার জন্য তিনি অনুরোধ করেন।<br>সভায় মাননীয় মেয়র মহোদয় জাহাজ কোম্পানী মোড় দিয়ে সাতমাথায় যেসব ভারী যানবাহন যায় তাতে রাস্তার অনেক ক্ষতি হচ্ছে বিষয়টি বিআরটিএ কে অবগত করার নির্দেশ প্রদান করেন।<br>তিনি প্রেস ক্লাবের সামনের ড্রেনের সংস্কার ও পরিস্কারকরণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও কঞ্জার্ভেন্সী বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। | ১। জাহাজ কোম্পানী মোড় দিয়ে সাতমাথা পর্যন্ত ভারী যানবাহন চলাচলের বিষয়ে বিআরটিএ কে পত্র প্রেরণ করতে হবে।<br><br>২। প্রেস ক্লাবের সামনের ড্রেনের সংস্কার ও পরিস্কারকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকৌশল শাখা<br>ও<br>কঞ্জার্ভেন্সী শাখা।<br>রংপুর সিটি কর্পোরেশন। |
| ৪ | ময়লা আবর্জনা ফেলে পরিবেশ নষ্টকরণ, মশার বংশবিস্তার রোধকরণ। | জনাব রুমানা জামান বাংলাদেশ মহিলা পরিষদ রংপুর এর সাধারন সম্পাদক বলেন সেন্ট্রাল রোডের পাশ দিয়ে যে রাস্তাটি জুম্মাপাড়ার দিকে গিয়েছে সে রাস্তার পাশে মানুষ যত্রতত্র ময়লা আবর্জনা ফেলে পরিবেশ নষ্ট করছে এবং চলাচলের বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এছাড়া শহরে নির্মানাধীন বিল্ডিং এর লিফটের জায়গাগুলো পরিত্যক্ত অবস্থায় থাকার ফলে সেখানে মশা তৈরীর কারখানায় রুপান্তরিত হয়েছে।<br>পক্ষান্তরে এ কার্যালয়ের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মাহমুদ হাসান মৃধা বলেন সড়কের মধ্যে নির্মাণ সামগ্রী যত্রতত্র রাখায় জরিমানা, উচ্ছেদ, নিলাম অভিযান নিয়মিত করা হচ্ছে এবং ফুটপাত ক্লিয়ার করার লক্ষ্যে প্লান বহির্ভূত বিল্ডিং এবং বিল্ডিং এ লিফটের পরিত্যক্ত জায়গায় অভিযান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অবৈধ বালু উত্তোলনের তথ্য পেলে দ্রুত সেখানে অভিযান পরিচালনা করা হয় সেইসাথে যেসব ব্যবসা প্রতিষ্ঠানে ট্রেড লাইসেন্স করা নাই কিংবা নবায়ন করা হয় নাই | ১। জুম্মাপাড়া রোডে যেন যত্রতত্র ময়লা ফেলতে না পারে বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>২। নির্মানাধীন বিল্ডিং এর লিফটের পরিত্যক্ত জায়গা এবং অন্যত্র এডিস মশার বংশ বিস্তার রোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট<br>প্রকৌশল বিভাগ<br>ও<br>কঞ্জার্ভেন্সী শাখা।<br>রংপুর সিটি কর্পোরেশন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তাদেরকে উৎসাহিত করা হয়।<br>মাননীয় মেয়র মহোদয় জুম্মাপাড়া রোডে যেন মানুষ যত্রতত্র ময়লা ফেলতে না পারে বিষয়টির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশ প্রদান করেন। এছাড়া লিফটের পরিত্যক্ত জায়গাসহ অন্যত্র যেন এডিস মশা বংশবিস্তার করতে না পারে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশ প্রদান করেন। | | |
| ৫ | উন্নয়ন বাজেট বৃদ্ধি ও রাস্তায় যত্রতত্র স্পিড ব্রেকার | অধ্যাপক মোহাম্মদ শাহ আলম বলেন আমাদের উন্নয়ন বাজেট বৃদ্ধি করতে হবে এবং উন্নয়নকে সবার আগে প্রাধান্য দিতে হবে। এছাড়া শহরের অনেক জনবহুল রাস্তাগুলিতে যত্রতত্র স্পিড ব্রেকার দেয়ার ফলে জনগনের চলাচলে অনেক কষ্ট হচ্ছে যা অসুস্থ্য ও গর্ভবতী মায়েদের জন্য অত্যন্ত কষ্টকর। এগুলো যতদ্রুত সম্ভব অপসারণ করা দরকার।<br>মাননীয় মেয়র মহোদয় বলেন রংপুর সিটি কর্পোরেশনে উন্নয়ন বাজেট চাহিদার তুলনায় অপ্রতুল বাজেট বৃদ্ধি পেলে উন্নয়ন বৃদ্ধি করা হবে। এছাড়া তিনি জনবহুল রাস্তাগুলিতে যত্রতত্র স্থাপিত স্পিড ব্রেকারগুলি অপসারণের জন্য সড়ক ও জনপথ বিভাগকে অবগত করার নির্দেশ প্রদান করেন। | ১। উন্নয়ন বাজেট প্রাপ্তি সাপেক্ষে উন্নয়ন ত্বরান্বিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>২। জনবহুল রাস্তাগুলিতে যত্রতত্র স্থাপিত স্পিড ব্রেকারগুলি অপসারণের জন্য সড়ক ও জনপথ বিভাগকে পত্র প্রেরণ করতে হবে। | প্রকৌশল বিভাগ<br>রংপুর সিটি কর্পোরেশন। |
| ৬ | রবার্টসনগঞ্জ রোডের সংস্কার ও বাবুপাড়া হতে ইস্পাহানী ক্যাম্প পর্যন্ত ড্রেনটি সংস্কার | জনাব মোঃ আকবর আলী, প্রেসিডেন্ট, রংপুর চেম্বার অব কমার্স বলেন আমার বাসার পিছনের ড্রেনের সংযোগ স্থানটি কংক্রিট ঢালাই না থাকার কারণে ময়লা আবর্জনা এসে জমা হয়ে পানি ওভার ফ্লাশ হচ্ছে। এতে জনদুর্ভোগের সৃষ্টি হচ্ছে এছাড়া রবার্টসনগঞ্জ রোডের অবস্থা নাজুক, বাবুপাড়া ড্রেনটি ইস্পাহানী ক্যাম্প পর্যন্ত সংস্কার ও পরিস্কার করা একান্ত প্রয়োজন।<br>মাননীয় মেয়র মহোদয় ড্রেনটি সংস্কার ও পরিস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও সহকারী পরিচ্ছন্ন কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। | ড্রেনটি পরিস্কার ও সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | প্রকৌশল বিভাগ<br>ও<br>কঞ্জার্ভেন্সী শাখা<br>রংপুর সিটি কর্পোরেশন। |
| ৭ | রংপুর টাউন হল চত্বরে পাবলিক টয়লেট স্থাপন। | জনাব এস বি সুমন, রংপুর পদাতিক কালচার ওয়ার্কার বলেন রংপুর টাউন হল চত্বর প্রায় সব সময় জনবহুল অবস্থায় থাকে কিন্তু পাবলিক টয়লেট না থাকায় শহীদ মিনারের আশেপাশে ও প্রাচীরের গা ঘেঁষে মানুষ প্রস্রাব করে পরিবেশ নষ্ট | ১। জেলা প্রশাসক, রংপুর মহোদয় বরাবরে পত্র প্রেরণ করতে হবে।<br>২। রংপুর টাউন হল চত্বরে পাবলিক টয়লেট স্থাপনের প্রয়োজনীয় | প্রশাসনিক কর্মকর্তা<br>সাধারণ শাখা<br>রংপুর সিটি কর্পোরেশন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করতেছে যা দৃষ্টিকটু। উক্ত সমস্যাটির জরুরী সমাধান করার প্রস্তাব করেন।<br>মাননীয় মেয়র মহোদয় এ সম্পর্কে বলেন যে রংপুর টাউন হল চত্বরটি জেলা প্রশাসকের নিয়ন্ত্রনাধীন থাকায় জেলা প্রশাসককে পত্র মারফত অবগতপূর্বক ব্যবস্থা গ্রহনের নির্দেশ প্রদান করেন। | ব্যবস্থা গ্রহন করতে হবে। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন ও সবার সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

মোঃ মোস্তাফিজার রহমান
মেয়র
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন ঃ ০৫২১-৬৫১৮৬
ফ্যাক্স ঃ ০৫২১- ৫৫৯৬০
ই-মেইলঃ mayor@rpcc.gov.bd

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০১.২৪-

তারিখ ঃ ১৪৩১ বঙ্গাব্দ / ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
২। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৩। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৪। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর সিটি কর্পোরেশন।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা(চ:দা:), রংপুর সিটি কর্পোরেশন।
৭। প্রশাসনিক কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৮। ................. শাখা, রংপুর সিটি কর্পোরেশন।
৯। সহকারী প্রোগ্রামার (ওয়েব সাইটে আপলোড) রংপুর সিটি কর্পোরেশন।
১০। অফিস নথি।

মোঃ মোস্তাফিজার রহমান
মেয়র
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন ঃ ০৫২১-৬৫১৮৬
ফ্যাক্স ঃ ০৫২১- ৫৫৯৬০
ই-মেইলঃ mayor@rpcc.gov.bd